দৈনিক ইনকিলাব

তারিখ ... 23 JUL 1987 ...
পৃষ্ঠা ... 6 কলাম 1 ...

3



# আল-কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম
পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

**ছুন্নাতা মান্ ক্বাদ আরছাল্না ক্বাবলাকা মির্ রুছুলিনা ওয়ালা তাজ্বিদু লিছুন্নাতিনা তাহ্বিলা।**

(আমার রাসূলগণের মাঝে তোমার পূর্বে যাদের পাঠিয়েছিলাম তাদের ক্ষেত্রেও এরূপ নিয়ম ছিল, এবং তুমি আমার নিয়মের কোন পরিবর্তন পাবে না।)
[পারা ১৫, সূরা বানী ইস্রাঈল, আয়াত ৭৭, রুকু ৮।]

**ইন্নাল্লাহা লাহু মুল্কুছ্ ছামাওয়াতি ওয়াল আরদ্বি, ইউহয়ি ওয়া ইউমিতু, ওয়ামালাকুম্ মিন্ দুনিল্লাহি মিউ ওয়ালিয়্যিউ ওয়ালা নাছির।**

(আকাশমণ্ডল ও পৃথিবীর সার্বভৌম ক্ষমতা আল্লাহরই, তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান, আল্লাহ ছাড়া তোমাদের কোন অভিভাবক নেই এবং সাহায্যকারীও নেই।)
পারা-১১, সূরা তাওবা, আয়াত-১১৬, রুকু-১৪।

**লাউ কানা ফিহিমা আলিহাতুন্ ইল্লাল্লাহু লাফাছাদাতা, ফাছুবহানাল্লাহি রাব্বিল আরশি আম্মা ইয়াছিফুন।**

(যদি আল্লাহ ছাড়া বহু ইলাহ্ থাকত আকাশমণ্ডল ও পৃথিবীতে তবে উভয়ই ধ্বংস হয়ে যেত, সুতরাং তারা যা বলে তা হতে আরশের অধিপতি আল্লাহ পবিত্র মহান।)
[পারা-২১, সূরা আম্বিয়া, আয়াত-২২, রুকু-২]

এই অংশ টুকু হেফাজত করুন